Human Resources Administration
Department of Social Services

রূপান্তরকামী এবং নন-বাইনারি লিঙ্গ পরিচয়ের উপভোক্তাদের নাম এবং লিঙ্গ পরিচয় পরিবর্তন: প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (Frequently Asked Questions, FAQ)

1. লিঙ্গ পরিচয় সংজ্ঞায়িত করার জন্য কী বিকল্প উপলব্ধ?

সামাজিক পরিষেবা বিভাগ/মানব সম্পদ প্রশাসন (Department of Social Services/Human Resources Administration, DSS/HRA) উপভোক্তাগণ F (মহিলা), M (পুরুষ) অথবা X (পুরুষ বা মহিলা কোনোটিই নয়) হিসাবে লিঙ্গ পরিচয় সংজ্ঞায়িত করার জন্য অনুরোধ করতে পারে।

লিঙ্গ পরিচয়ের সংজ্ঞায় "X" বিকল্পটির অর্থ কী? অনেক মানুষই পুরুষ অথবা মহিলা হিসাবে, পুরুষমানুষ অথবা নারী হিসাবে চিহ্নিত হন (এদের কখনও কখনও আমরা "বাইনারি" লিঙ্গ পরিচয়ের বিকল্পে চিহ্নিত করে থাকি)। তবে, কিছু মানুষকে পুরুষ হিসাবে অথবা নারী হিসাবে চিহ্নিত করা যায় না। এই মানুষদের মধ্যে "নন-বাইনারি" হিসাবে চিহ্নিত মানুষদের পাশাপাশি "আন্তঃলিঙ্গ" (ইন্টারসেক্স) হিসাবে চিহ্নিত মানুষরাও অন্তর্ভুক্ত।

- "নন-বাইনারি" লিঙ্গ বলতে সেই লিঙ্গ পরিচয়কে বোঝায় যা পুরুষও নয় মহিলাও নয়।
- "আন্তঃলিঙ্গ" (ইন্টারসেক্স) বলতে একটি বিস্তৃত পরিস্থিতির পরিসরকে বোঝায় যার মধ্যে কোন ব্যক্তির জিনগত বৈশিষ্ট্য প্রথাগত পুরুষ বা মহিলার মত নয়। দ্রষ্টব্য: সমস্ত আন্তঃলিঙ্গের ব্যক্তিরা "নন-বাইনারি" হিসাবে চিহ্নিত হয় না।

লিঙ্গ পরিচয় X সংজ্ঞায়িত করার ক্ষেত্রে কম্পিউটার সিস্টেমের সীমাবদ্ধতা: নিউ ইয়র্ক স্টেট HRA-এর দ্বারা ব্যবহৃত অনেক ধরনের সুবিধা ব্যবস্থাপক কম্পিউটার সিস্টেম নিয়ন্ত্রণ করে এবং এখনও তাদের কম্পিউটার সিস্টেমগুলিকে "X" মনোনয়ন অন্তর্ভুক্ত করার জন্য আপডেট করেনি। অন্তর্বর্তীকালীন অবস্থায়, যে উপভোক্তাদের সংজ্ঞা "X" তারা নির্বাচনে স্বীকার করুক বা না করুক, সুবিধার কর্মসূচিগুলিতে তাদের নাম নথিভুক্ত করার জন্য এবং আপনার থাকতে পারে এমন কোন আসন্ন প্রয়োজনগুলি পূরণের জন্য "পুরুষ" অথবা "মহিলা" হিসাবে লিঙ্গ নির্বাচন করতে হবে। যদি আপনি "পুরুষ" বা "মহিলা" হিসাবে নির্বাচন না করেন, HRA আপনার আবেদনপত্রের প্রক্রিয়াকরণ করতে পারবে না। আপনাকে অবশ্যই "মানব সম্পদ প্রশাসনের রেকর্ডে লিঙ্গ পরিচয় "X" পরিবর্তন করার অনুরোধ" (**HRA-138c**)ফর্মের সেই বক্সটিতে টিক দিতে হবে যেটি আপনার সিদ্ধান্তটির সঙ্গে মিলছে।

2. আমি কোন লিঙ্গ পরিচয় বেছে নিচ্ছি সেটার কী গুরুত্বপূর্ণ ভূমিকা আছে?

স্বাস্থ্য পরিচর্যা এবং গর্ভাবস্থার সাথে সম্পর্কিত কিছু পরিষেবা আছে যা লিঙ্গ পরিচয়ের দ্বারা সীমিত। Medicaid পদ্ধতির মত কভারেজের ক্ষেত্রে বেশিরভাগ তারতম্য "G" কোড ব্যবহার করে সমাধান করা যেতে পারে (পৃষ্ঠা 2 দেখুন)।

গর্ভাবস্থার ভাতা। বর্তমান নীতি নির্দিষ্ট কিছু সীমাবদ্ধতা সাপেক্ষে, গর্ভবতীদের জন্য একটি বিশেষ ভাতা অনুমোদন করেছে। স্টেট কম্পিউটার সিস্টেমগুলি "F" লিঙ্গ পরিচয়ে সংজ্ঞায়িতদের জন্য গর্ভাবস্থার ভাতা সীমিত করেছে। যাদের গর্ভাবস্থার ভাতা প্রয়োজন, তাদের সহায়তায় "F" লিঙ্গ পরিচয়ের সংজ্ঞা নির্বাচন আরো ভালো বিকল্প হতে পারে। গর্ভাবস্থার ভাতার অনুরোধ করার জন্য "M" লিঙ্গ পরিচয়ে সংজ্ঞায়িত ব্যক্তিবিশেষদের HRA-এর অফিসে গিয়ে যোগাযোগ করতে হবে।

(পরের পাতায় যান)

3. কিছু HRA ফর্মগুলিকে "সীমিত/ব্যতিক্রম" অথবা "G" কোড বলে উল্লেখিত করা হয় – এই কোডটি কী এবং কেন এটি গুরুত্বপূর্ণ?

"সীমিত/ব্যতিক্রম" বা "G" হল একটি কোড যেটি প্রয়োজনে এবং অন্যথায় স্বাস্থ্য পরিষেবার আওতাভুক্ত পেমেন্টগুলির সীমা প্রতিরোধ করার জন্য স্টেট কম্পিউটার সিস্টেমগুলিতে ব্যবহৃত হয়। এই কোডটি রূপান্তরকামী পুরুষ এবং মহিলাদের জন্য ব্যবহার করা হয় এবং "X" হিসাবে সংজ্ঞায়িত উপভোক্তাদের জন্যও ব্যবহৃত হতে পারে। যদি আপনি লিঙ্গ পরিচয় পরিবর্তনের জন্য অনুরোধ করেন, তাহলে আপনার কেসে একটি "সীমিত/ব্যতিক্রম" কোড প্রয়োগ করা হবে। **আপনি মানব সম্পদ প্রশাসনের (Human Resources Administration, HRA) রেকর্ডে নাম এবং/অথবা লিঙ্গ পরিচয় পরিবর্তন করার অনুরোধের ফর্ম HRA-138** ব্যবহার করে আপনার লিঙ্গ পরিচয় পরিবর্তন না করলেও এই কোডটির জন্য অনুরোধ করতে পারেন।

Medicaid-এর মতো বীমা পরিকল্পনা বাইনারি লিঙ্গের দ্বারা কিছু পরিষেবাকে সীমাবদ্ধ করে। স্টেট সিস্টেমগুলিতে আপনি কী লিঙ্গ পরিচয় চিহ্নিত করছেন তার ওপর ভিত্তি করে, কিছু পরিষেবা আওতাভুক্ত নাও হতে পারে। উদাহরণস্বরূপ, কোন রূপান্তরকামী মহিলা বা নন-বাইনারি ব্যক্তির জন্য প্রস্টেট পরীক্ষা অথবা রূপান্তরকামী পুরুষ অথবা নন-বাইনারি ব্যক্তির জন্য স্ত্রীরোগ বিশেষজ্ঞের কাছে পরিদর্শন স্বয়ংক্রিয়ভাবে আওতাভুক্ত নাও হতে পারে। এই কারণে, বিলিংয়ের সমস্যাগুলি এড়ানোর জন্য, স্টেটের Medicaid বিলিং সিস্টেমে, eMedNY-তে একটি "সীমিত/ব্যতিক্রম" কোড লেখা যেতে পারে। কোড "G1" হল রূপান্তরকামী মহিলাদের জন্য এবং রূপান্তরকামী পুরুষদের জন্য হল কোড "G2"।

"X" সংজ্ঞাধারী উপভোক্তাগণ। লিঙ্গ পরিচয় X সংজ্ঞার জন্য G1 এবং G2 কোডগুলি প্রয়োগ নাও হতে পারে। যদি আপনার লিঙ্গ পরিচয়ে X সংজ্ঞা থাকে, সেক্ষেত্রে স্টেট এবং ফেডেরাল রিপোর্টিংর প্রয়োজনার্থে আপনাকে প্রথমে একটি বাইনারি লিঙ্গ পরিচয়ের বিকল্প বাছতে হবে। যদি আপনি "মহিলা" নির্বাচন করেন, তাহলে একটি G1 কোড পেতে পারেন আর যদি আপনি পুরুষ নির্বাচন করেন তাহলে একটি G2 কোড দেওয়া হতে পারে। এই কোডটি নিশ্চিত করবে যে আপনার লিঙ্গ পরিচয় প্রয়োজনীয় এবং অন্যভাবে আওতাভুক্ত স্বাস্থ্য পরিষেবার জন্য পেমেন্টসমূহকে সীমিত করে না।

<u>অনুগ্রহ করে মনে রাখবেন</u>: এই কোডটি Medicaid গ্রহণকারী যেকোন স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীর কাছে প্রতীয়মান। যদি আপনার কেসে আপনি এই কোডটি প্রয়োগ করতে না চান, তাহলে অনুগ্রহ করে লিঙ্গ পরিচয় পরিবর্তনের অনুরোধ করার সময় সেটি সূচিত করুন। তবে, এটি আপনার পরিষেবাগুলিতে প্রভাব ফেলতে পারে।

4. আমি কিভাবে HRA রেকর্ডে আমার লিঙ্গ পরিচয় পরিবর্তন করব?

লিঙ্গ পরিচয়ের সংজ্ঞা "X"-এ পরিবর্তন করার সমস্ত অনুরোধগুলিকে একটি সম্পূর্ণ করা **HRA-138c** ফর্মের সঙ্গে জমা দিতে হবে।

অন্য সমস্ত লিঙ্গ পরিচয় পরিবর্তনের আবেদনকারীদের **HRA-138 মানব সম্পদ প্রশাসনের (HRA) রেকর্ডে নাম এবং/অথবা লিঙ্গ পরিচয় পরিবর্তনের অনুরোধ-এর ফর্মটি সম্পূর্ণ করে জমা দিতে হবে।**

উপরন্তু, আপনাকে HRA-এর কাছে নিম্নলিখিত নথিগুলির মধ্যে **একটি** অবশ্যই জমা দিতে হবে:

- আপনার সংশোধিত অথবা পরিবর্তিত লিঙ্গ পরিচয় দেখানো নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভার লাইসেন্স অথবা নন-ড্রাইভার আইডি,
- আপনার সংশোধিত অথবা পরিবর্তিত লিঙ্গ পরিচয় দেখানো পাসপোর্ট অথবা জন্মের শংসাপত্র,

(পরের পাতায় যান)

4. আমি কিভাবে HRA রেকর্ডে আমার লিঙ্গ পরিচয় পরিবর্তন করব? *(চলছে)*

- আপনার লিঙ্গ পরিচয় নিশ্চিত করে সামাজিক সুরক্ষা প্রশাসনের থেকে একটি পত্র, অথবা
- কোন লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসক, পেশাদারী নার্স অথবা চিকিৎসকের সহায়কের থেকে স্বাক্ষরিত এবং তারিখ সহ বিবৃতি যিনি আপনার চিকিৎসা করেছেন অথবা আপনার লিঙ্গ পরিচয়-সম্পর্কিত চিকিৎসার ইতিহাস পর্যালোচনা করেছেন। বিবৃতিটিতে স্পষ্টভাষায় লিখতে হবে যে ব্যক্তি হিসাবে লিঙ্গের অস্বাভাবিকত্ব (gender dysphoria) নির্ণয়ের জন্য আপনার "উপযুক্ত নিদানিক চিকিৎসা" হয়েছে।

একবার আমরা প্রয়োজনীয় নথিসমূহ পেয়ে গেলে, আপনার লিঙ্গ পরিচয় কল্যাণমূলক ব্যবস্থাপক সিস্টেম (Welfare Management System, WMS)-এ আপডেট করা হবে, যেটি HRA উপভোক্তাদের কেস এবং সুবিধা ট্র্যাক করার একটি স্টেট সিস্টেম।

অনুগ্রহ করে মনে রাখবেন: **যদি নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থের মাধ্যমে আপনার স্বাস্থ্য পরিচর্যা থাকে, (যেটি NYS স্বাস্থ্য পরিচর্যা এক্সচেঞ্জ বা মার্কেটপ্লেস হিসাবেও পরিচিত) সেক্ষেত্রে আপনাকে সেখানে গিয়ে আপনার লিঙ্গ পরিচয় পরিবর্তন করতে হবে। এটি একটি আলাদা প্রক্রিয়া। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে নিচে বিভাগ 5 দেখুন।**

5. আমি কিভাবে HRA রেকর্ডে আমার নাম পরিবর্তন করব?

আপনাকে অবশ্য নিম্নলিখিত নথিগুলির মধ্যে একটি আনতে হবে:

- আপনার নতুন নাম দেখানো আছে এমন একটি আদালতের আদেশ;
- আপনার নাম দেখানো নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভার লাইসেন্স অথবা নন-ড্রাইভার আইডি;
- আপনার নাম দেখানো পাসপোর্ট অথবা জন্মের শংসাপত্র;
- আপনার নাম দেখিয়ে সামাজিক সুরক্ষা প্রশাসনের থেকে পত্র।

এছাড়াও আপনাকে **HRA-138, মানব সম্পদ প্রশাসনের (Human Resources Administration, HRA)** রেকর্ডে নাম এবং/অথবা লিঙ্গ পরিবর্তন করার অনুরোধ-এর ফর্মটি সম্পূর্ণ করতে হবে। HRA-এর কাছে নাম পরিবর্তনের আগে আপনি আপনার নামটি সামাজিক সুরক্ষা প্রশাসনে কাছে পরিবর্তন করুন বলে আমরা পরামর্শ দেব, কারণ এই দুটি এজেন্সির মধ্যে নামের অমিল হলে আপনার পরিষেবা পাওয়ার ক্ষেত্রে বিঘ্ন ঘটতে পারে। একবার আমরা প্রয়োজনীয় নথিসমূহ পেয়ে গেলে, আপনার আইনি নাম কল্যাণমূলক ব্যবস্থাপক সিস্টেম (Welfare Management System, WMS)-এ আপডেট করা হবে, যেটি HRA উপভোক্তাদের কেস এবং সুবিধা ট্র্যাক করার একটি স্টেট সিস্টেম।

অনুগ্রহ করে মনে রাখবেন: **যদি নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থের মাধ্যমে আপনার স্বাস্থ্য পরিচর্যা থাকে, (যেটি NYS স্বাস্থ্য পরিচর্যা এক্সচেঞ্জ বা মার্কেটপ্লেস হিসাবেও পরিচিত) সেক্ষেত্রে আপনাকে সেখানে গিয়ে নাম পরিবর্তন করতে হবে। এটি একটি আলাদা প্রক্রিয়া। আরো তথ্যের জন্য অনুগ্রহ করে নিম্নলিখিত পৃষ্ঠার বিভাগ 6 দেখুন।**

(পরের পাতায় যান)

6. আমি কিভাবে আমার নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ (যেটি NYS স্বাস্থ্য পরিচর্যা এক্সচেঞ্জ বা মার্কেটপ্লেস হিসাবেও পরিচিত) ইন্সুরেন্স প্ল্যানে আমার নাম এবং/অথবা লিঙ্গ পরিচয় পরিবর্তন করব?

নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থ ("New York State of Health, NYSoH") এক্সচেঞ্জের মাধ্যমে হওয়া স্বাস্থ্য পরিকল্পনাগুলি পরিচালনার জন্য ব্যবহৃত কম্পিউটার সিস্টেমগুলিতে HRA-এর কোন প্রবেশাধিকার নেই। সেই কারণে, যদি আপনার কাছে NYSoH-এর মাধ্যমে কোন প্ল্যান থাকে, তাহলে আপনার সরাসরি NYSoH-এর কাছে যোগাযোগ করতে হবে। আপনার NYSoH ইন্সুরেন্স প্ল্যানে নাম পরিবর্তন করার জন্য উপরে উল্লেখিত একই নথিপত্রগুলি ব্যবহার করা যেতে পারে। নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থও আপনার কেসের জন্য "সীমিত/ব্যতিক্রম" কোড প্রয়োগ করবে। এই পরিবর্তনগুলি করার জন্য আপনি নিম্নলিখিত তিনটি উপায়ের মধ্যে কোন একটিতে অনুরোধ করতে পারেন:

আপনার অনলাইন অ্যাকাউন্টের মাধ্যমে, নিজে প্রয়োজনীয় নথিপত্র আপলোড করুন;

নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থের গ্রাহক পরিষেবার 855-387-1363 নম্বরে প্রয়োজনীয় নথিপত্র ফ্যাক্স করুন; অথবা


ডাকযোগে নথিপত্র নিম্নলিখিত ঠিকানায় পাঠান:

New York State of Health
PO Box 11726
Albany, NY 12211

অনুগ্রহ করে আপনি যে আপনার নাম এবং/অথবা লিঙ্গ পরিচয় পরিবর্তন করতে চাইছেন সেই বিষয়ে একটি মন্তব্য যোগ করুন।

6a. আমি কি NYSoH-এর মাধ্যমে আমার লিঙ্গ পরিচয়ের সংজ্ঞা “X” করতে পারি?

এই মুহূর্তে, যতক্ষণ না পর্যন্ত নিউ ইয়র্ক স্টেট তার কম্পিউটার সিস্টেমগুলি আপডেট করছে ততক্ষণ NYSoH হয়তো "X" সংজ্ঞার অনুরোধগুলির প্রক্রিয়াকরণ করতে পারবে না।

7. আমার অনুরোধের প্রক্রিয়াকরণ করতে HRA-এর কতক্ষণ সময় লাগবে?

HRA 14 দিনের মধ্যে এই ধরণের অনুরোধ সম্পূর্ণ করার যথাসাধ্য চেষ্টা করে। নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থের প্রক্রিয়াকরণের সময়ে পার্থক্য হতে পারে।

8. আমি কিভাবে নতুন HRA সুবিধার কার্ড পাবো?

একটি নতুন সার্বজনীন চিহ্নিতকরণ কার্ড (Common Benefit Identification Card, CBIC) তৈরি হয় যখনই নাম বা লিঙ্গ পরিচয়ের মত জনসাংখ্যিক তথ্য পরিবর্তিত হয়। তবে, 1লা মে, 2015 তারিখ থেকে, সুবিধার কার্ডগুলিতে আর কার্ডধারণকারীর লিঙ্গ পরিচয় প্রতীয়মান হয় না। সমস্ত নতুন কার্ডগুলি কোন লিঙ্গ পরিচয় ছাড়াই ইস্যু করা হবে।

(পরের পাতায় যান)

8. আমি কিভাবে নতুন HRA সুবিধার কার্ড পাবো? *(চলছে)*

যদি কোন কারণবশত আপনার নতুন কার্ডের আবেদন করার প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে HRA-র Infoline-এর 718-557-1399 নম্বরে ফোন করুন, www.nyc.gov/311 গিয়ে "cbic" অনুসন্ধান করে একটি অনলাইন অনুরোধ পাঠান অথবা নিম্নলিখিত কোন স্থানে গিয়ে সরাসরি দেখা করুন:

CBIC-র অবস্থান	
Manhattan: 109 East 16th Street - Ground Floor	Brooklyn: 227 Schermerhorn Street - Ground Floor
CBIC সাইটগুলি সোমবার থেকে শুক্রবার পর্যন্ত সকাল 8:30টা থেকে সন্ধ্যা 7:15 পর্যন্ত খোলা থাকে (ছুটির দিন ব্যতীত)	

9. আমার তথ্য কি গোপন থাকবে?

সমস্ত HRA কর্মী সদস্যরা যে ব্যক্তিদের পরিষেবা প্রদান করছে সেই ব্যক্তিবিশেষদের গোপনীয়তা তাদের রক্ষা করতে হবে। রূপান্তরকামী অথব আন্তঃলিঙ্গের স্থিতি এবং একজন ব্যক্তির দৈহিক গঠন অথবা চিকিৎসার ইতিহাস বিষয়ক তথ্য আবশ্যিকভাবে গোপনীয় তথ্য হিসাবে বিবেচনা করা উচিত। লিঙ্গ পরিচয় পরিবর্তনের উদ্দেশ্যে জমা দেওয়া যেকোন চিকিৎসা বিষয়ক নথিপত্র অথবা সীমিত/ব্যতিক্রম কোডগুলি গোপনীয় থাকবে, নির্ধারিত কর্মীদের মধ্যে সীমাবদ্ধ থাকবে এবং পরিষেবা প্রদানের জন্য অত্যন্তভাবে আবশ্যক হলেই কেবলমাত্র প্রকাশ করা হবে। **তবে, অনুগ্রহ করে মনে রাখবেন যে সীমিত/ব্যতিক্রম কোডগুলি স্টেট বিলিং সিস্টেম ব্যবহারকারী মেডিকেল পরিষেবা প্রদানকারী এবং ফার্মাসিস্টরা দেখতে পাবেন।**

10. Medicaid কি রূপান্তরকামী এবং নন-বাইনারি ব্যক্তিদের লিঙ্গ-সম্বন্ধীয় সার্জারিগুলির খরচের ভার বহন করবে?

হ্যাঁ। 11ই মার্চ, 2015 তারিখ থেকে, হরমোনের চিকিৎসা এবং অনেক সার্জিকাল পদ্ধতি সমেত অন্যান্য নির্দিষ্ট কিছু চিকিৎসাগতভাবে আবশ্যিক লিঙ্গ-নিশ্চিতকরণ পদ্ধতির খরচের ভার নিউ ইয়র্ক স্টেটের Medicaid এবং Medicaid পরিচালিত পরিচর্যা প্ল্যানগুলি বহন করে। আওতাভুক্ত পদ্ধতিগুলির সম্পূর্ণ তালিকা এবং কভারেজের জন্য আবশ্যিক শর্তের আরো তথ্য http://www.health.ny.gov/ বা http://www1.nyc.gov/ তে গিয়ে পাওয়া যেতে পারে। যদি আপনি কোনো Medicaid পরিষেবা প্রদানকারীর পরিষেবা প্রত্যাখ্যান করেন অথবা Medicaid-এর বহন করা চিকিৎসা সংক্রান্ত পদ্ধতিগুলি সম্বন্ধে প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য দপ্তরের Medicaid হেল্পলাইনের 800-541-2831 নম্বরে ফোন করুন।

11. আমি কার সাথে আরো তথ্যের জন্য যোগাযোগ করতে পারি?

- এই প্রকাশনা সম্পর্কে প্রশ্ন থাকলে অথবা HRA নীতিগুলি LGBTQI মানুষদের প্রভাবিত করলে lgbtqi@DSS.nyc.gov তে গিয়ে লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, রূপান্তরকামী, জিজ্ঞাসাবাদ এবং আন্তঃলিঙ্গ (LGBTQI) বিষয়ক ডিএসএস-এর অফিস (DSS's Office of Lesbian, Gay, Bisexual, Transgender, Questioning, and Intersex Affairs) দেখুন।

(পরের পাতায় যান)

11. আমি কার সাথে আরো তথ্যের জন্য যোগাযোগ করতে পারি? *(চলছে)*

- কোনটি আওতাভুক্ত, কিভাবে কভারেজের জন্য অনুরোধ করবেন এবং কিভাবে কভারেজ প্রত্যাখ্যান হলে প্রতিবাদ জানাবেন সেই বিষয়ে প্রশ্নের জন্য আপনার Medicaid পরিচালিত পরিচর্যার প্ল্যান। যদি আপনি আপনার প্ল্যান বিষয়ক তথ্য না জেনে থাকেন, তাহলে অনুগ্রহ করে নিচে দেওয়া নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থের হেল্পলাইন অথবা Medicaid হেল্পলাইনের নম্বরে যোগাযোগ করুন।

- NYSoH এক্সচেঞ্জ দ্বারা পরিচালিত স্বাস্থ্যের প্ল্যানগুলিতে নাম ও লিঙ্গ পরিচয় পরিবর্তন সম্বন্ধে আরো তথ্যের জন্য নিউ ইয়র্ক স্টেট অফ হেল্থের হেল্পলাইন। অনুগ্রহ করে 855-355-5777 নম্বরে অথবা TTY-এর জন্য 800-662-1220 নম্বরে ফোন করুন।

- নিউ ইয়র্ক স্টেট Medicaid-এ অধীনে রূপান্তরকামীর স্বাস্থ্য পরিচর্যা সম্বন্ধে প্রশ্ন থাকলে 800-541-2831 নম্বরে নিউ ইয়র্ক স্টেট Medicaid হেল্পলাইন ফোন করুন।

- আপনার কেস সম্বন্ধে সাধারণ তথ্য জানতে অথবা নতুন CBIC কার্ডের অনুরোধ করার জন্য 718-557-1399 নম্বরে HRA-এর Infoline। এছাড়াও আপনি constituentaffairs@dss.nyc.gov তে ইমেল করতে পারেন, অথবা 311 নম্বরে যোগাযোগ করতে পারেন।

12. সুবিধা পাওয়ার স্বার্থে আমার পরিচিতির সঙ্গে মানানসই নয় এমন কোন সংজ্ঞায় জোর না করার আইনি অধিকার কম্পিউটার সিস্টেম শনাক্ত করতে না পারার ফলে হওয়া সমস্যা নিয়ে আমার কার সঙ্গে যোগাযোগ করা উচিত?

- আপনি নিম্নলিখিত মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী এবং প্রতিবন্ধী সহায়তা (Temporary and Disability Assistance, OTDA) সমান সুবিধা এবং বৈচিত্র্য (Equal Opportunity and Diversity, EOD) দপ্তরে যোগাযোগ করতে পারেন:

টেলিফোনে: 518-473-8555

ইমেল করুন: clientcomplaints@otda.ny.gov



ডাকযোগে নথিপত্র নিম্নলিখিত ঠিকানায় পাঠান:

State of New York Office of Temporary and Disability Assistance
Equal Opportunity and Diversity
40 North Pearl Street – 13A
Albany, NY 11243

- লিঙ্গ পরিচয় X-এর জন্য স্টেট কম্পিউটারের সীমাবদ্ধতায় কিভাবে প্রতিবাদ জানাবেন সেই বিষয়ে তথ্যের জন্য আপনি lgbtqi@DSS.nyc.gov তে গিয়ে লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, রূপান্তরকামী, জিজ্ঞাসাবাদ এবং আন্তঃলিঙ্গ (LGBTQI) বিষয়ক ডিএসএস-এর অফিসে(DSS's Office of Lesbian, Gay, Bisexual, Transgender, Questioning, and Intersex Affairs) যোগাযোগ করতে পারেন।